

AKASHVANI(Kolkata)

Regional News Unit

Date: 31/12/2025

Desk in Charge :- Kalyan L.

Time: 7.35 AM

Compiling :- Shuvra C.

DEO: KB

NRT : Shuvra C.

Announcement :- আকাশবাণী / খবর পড়ছিঃ -

বিশেষ বিশেষ খবর -

১/ ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনী প্রক্রিয়ায় নির্বাচন কমিশনের নির্দেশিকা কঠোরভাবে মেনে চলার নির্দেশ দিয়েছেন সিনিয়র ডেপুটি ইলেকশন কমিশনার জ্ঞানেশ ভারতী।

২/ স্কুল শিক্ষক-শিক্ষিকাদের আসন্ন মাধ্যমিক পরীক্ষার সময় নির্বাচন কমিশনের কাজ থেকে অব্যাহতি দেওয়ার জন্য, মুখ্য নির্বাচন কমিশনারের কাছে আবেদন জানানো হয়েছে।

৩/ বরিষ্ঠ বিজেপি নেতা ও কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেছেন, ২০২৬-এ রাজ্যের বিধানসভা নির্বাচন হবে, মূলতঃ অনুপ্রবেশের বিরুদ্ধে। # আগামী বছর নির্বাচনের পর বর্তমান শাসকের অপশাসন, অনুপ্রবেশ ও দুর্নীতির পরিবর্তে সুশাসন ও দরিদ্র কল্যাণের সরকার গড়ে উঠবে।

৪/ কলকাতায় আজ মরসুমের শীতলতম দিন। #তাপমাত্রার পারদ নেমেছে ১১ ডিগ্রি সেলসিয়াসে।

৫/ বছরের শেষ দিনে আজ রাজ্যবাসী নতুন বছরকে স্বাগত জানানোর প্রস্তুতি নিচ্ছে।

শহর জুড়ে বাড়ানো হয়েছে নিরাপত্তা।

৬/ মেট্রোর ব্লু লাইনে আজ আপ ও ডাউন সহ আটটি অতিরিক্ত ট্রেন চালানো হবে।

ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনী প্রক্রিয়ায় কমিশনের নির্দেশিকা কর্তৃতাবে মেনে চলার নির্দেশ দিলেন নির্বাচন কমিশনের সিনিয়র ডেপুটি ইলেকশন কমিশনার জ্ঞানেশ ভারতী। রাজ্যের সমস্ত জেলা নির্বাচনী আধিকারিকদের সঙ্গে ভিডিও কনফারেন্সে তিনি স্পষ্ট করে জানিয়ে দেন, কমিশনের নির্ধারিত নথির তালিকার বাইরে কোনও অতিরিক্ত নথি কোনও অবস্থাতেই গ্রহণ করা যাবে না।

বৈঠকে জ্ঞানেশ ভারতী জানান, এই সংক্রান্ত একাধিক অভিযোগ ইতমধ্যেই কমিশনের কাছে জমা পড়েছে। কোথাও কোথাও নির্দেশিকার বাইরে গিয়ে নথি চাওয়া হচ্ছে বলে অভিযোগ উঠে এসেছে। এই পরিস্থিতিতে তিনি জেলা নির্বাচনী আধিকারিকদের সতর্ক করে বলেন, ভবিষ্যতে এই ধরনের অনিয়ম বরদান্ত করা হবে না। কমিশনের নির্দেশের বাইরে গিয়ে কোনও কাজ করা হলে নির্বাচন কমিশন সংশ্লিষ্ট আধিকারিকদের বিরুদ্ধে পদক্ষেপ করতে বাধ্য হবে বলে স্পষ্ট ভাষায় জানিয়ে দেন তিনি। ভোটার তালিকার সংশোধনী প্রক্রিয়ার স্বচ্ছতা ও নিরপেক্ষতা বজায় রাখতেই এই কড়া অবস্থান বলে কমিশন সূত্রে জানানো হয়েছে।

SIR প্রক্রিয়ার শুনানি পর্বের অগ্রগতি পর্যালোচনা করতে গতকাল সিনিয়ার ডেপুটি ইলেকশন কমিশনার জ্ঞানেশ ভারতীর নেতৃত্বে নির্বাচন কমিশনের একটি দল এরাজ্য আসে। শুনানি পর্বের কাজ সরজিমিনে খতিয়ে দেখতে তারা বাণ্ডাইআটি অঞ্চলে একটি কেন্দ্রে যান। পরে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়ালের সঙ্গে শুনানি পর্ব নিয়ে শ্রী ভারতী বৈঠক করেন। কলকাতা উত্তর ও কলকাতা দক্ষিণ, দুই ২৪ পরগনা, হাওড়া, ভুগলি, পূর্ব ও পশ্চিম বর্ধমান সহ ৮ জন জেলা নির্বাচনী আধিকারিকরা বৈঠকে উপস্থিত ছিলেন।

বিকেলে ভিডিও কনফারেন্সের মাধ্যমে সব জেলা নির্বাচনী আধিকারিকদের সঙ্গে তাঁরা বৈঠক করেন বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দণ্ডের সূত্রে জানা গেছে।

স্কুল শিক্ষক-শিক্ষিকাদের মাধ্যমিক পরীক্ষার সময় নির্বাচন কমিশনের কাজ থেকে অব্যাহতি দেওয়ার জন্য, রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দণ্ডর থেকে মুখ্য নির্বাচন কমিশনারের কাছে লিখিত আবেদন জানানো হয়েছে। সামনের বছর দোসরা ফেব্রুয়ারী রাজ্য মাধ্যমিক পরীক্ষা শুরু হলেও ভোটার তালিকায় নিবিড় সংশোধনের কাজ তখনো চলবে। অধিকাংশ শিক্ষক-শিক্ষিকা BLO হিসেবে এই কাজে যেহেতু গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছেন, তাই মাধ্যমিক পরীক্ষা যাতে শিক্ষকের অভাবে কোনোভাবেই ব্যাহত না হয়, তাই ওই আবেদন জানানো হয়েছে।

উল্লেখ্য, ২০২৬-এর দোসরা ফেব্রুয়ারী থেকে ১২'ই ফেব্রুয়ারী, রাজ্য মাধ্যমিক পরীক্ষা।

SIR-এর শুনানি পর্বে বয়স্ক ও অসুস্থ ভোটারদের তথ্য যাচাইয়ের জন্য কেন্দ্রে হাজির হতে বাধ্য করা যাবে না বলে নির্বাচন কমিশন জানিয়েছে। কমিশনের তরফে এক নির্দেশিকায় বলা হয়েছে, ৮৫ বছর বা তার বেশি বয়সী ভোটার, গুরুতর অসুস্থ ব্যক্তি এবং বিশেষভাবে সক্ষমদের ক্ষেত্রে মানবিক দৃষ্টিভঙ্গি গ্রহণ করতে হবে। এই ভোটাররা বা তাঁদের হয়ে অন্য কেউ অনুরোধ জানালে, তাঁদের শুনানির জন্য ডাকা যাবে না। ইত্মধ্যেই যদি হাজিরার কোনও নোটিস জারি হয়ে থাকে, তবে সংশ্লিষ্ট ভোটারকে ফোন করে শুনানিতে না আসার অনুরোধ জানানো যেতে পারে। প্রয়োজনে তথ্য যাচাই প্রক্রিয়া তাঁদের নিজ বাসভবনেই সম্পন্ন করা হবে।

পুরুলিয়ার মানবাজার গ্রামীণ হাসপাতালে চিকিৎসাধীন এক প্রসূতি SIR-এর শুনানি কেন্দ্রে উপস্থিত থাকতে না পারায় হাসপাতালেই গতকাল শুনানি প্রক্রিয়া সম্পন্ন করেছেন প্রশাসনিক আধিকারিকরা। আহুদি বাড়ীর নামে ওই মহিলা মানবাজার এক নম্বর ব্লকের বনকাটা বুথের ভোটার। নির্দিষ্ট দিনে শুনানি কেন্দ্রে উপস্থিত থাকতে না পারায় ব্লক আধিকারিক এবং বিএলও হাসপাতালে পৌঁছেই তাঁর যাবতীয় তথ্য সংগ্রহ করে।

২০২৬-এ রাজ্যের বিধানসভা নির্বাচন হবে, মূলতঃ অনুপ্রবেশের বিরুদ্ধে। কলকাতায় গতকাল এক সাংবাদিক বৈঠকে বরিষ্ঠ বিজেপি নেতা ও কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেছেন, আগামী বছর নির্বাচনের পর বর্তমান শাসকের অপশাসন, অনুপ্রবেশ ও দুর্নীতির পরিবর্তে সুশাসন ও দরিদ্র কল্যাণের সরকার গড়ে উঠবে। তৃণমূল কংগ্রেসের অপশাসনে, মানুষ ভীত, সন্ত্রিপ্ত এবং উদ্বিগ্ন। NDA শাসিত রাজ্যগুলিতে দরিদ্রদের কল্যাণ-কে যেমন অধিক গুরুত্ব দেওয়া হয়েছে, এখানেও তা' হবে বলে শ্রী শাহ জানান। তাঁর অভিযোগ, মমতা ব্যানার্জির মদতেই এই রাজ্যে অনুপ্রবেশ হচ্ছে কিন্তু তিনি BSF-এর ওপর দায় চাপাচ্ছেন এবং CAA-তেও বাধা দিচ্ছেন। সীমান্ত এলাকায় কাঁটাতারের জন্য জমি দেওয়ার পরিবর্তে রাজ্য সরকার অনুপ্রবেশকারীদের সাহায্য করছে।

(বাইট- অমিত শাহ/ অনুপ্রবেশ)

স্বরাষ্ট্রমন্ত্রী আরো জানান, মানুষের কল্যাণের জন্য যে কেন্দ্রীয় প্রকল্পগুলি আছে, অন্য রাজ্য সেগুলি চালু হলেও এখানে মুখ্যমন্ত্রী এই বিষয়েও তাঁর ভোট ব্যাকের চিন্তাভাবনা করেন। ফলে অন্য রাজ্যগুলির উন্নয়ন হলেও, কাটমানির জন্য এরাজ্যের উন্নয়ন থমকে রয়েছে। রাজ্যবাসীকে তিনি কংগ্রে, বামফ্রন্ট ও তৃণমূল কংগ্রেসের মত বিজেপিকেও একবার সুযোগ দেওয়ার আবেদন জানান।

২০২৫ সালে ভারত বিভিন্ন গুরুত্বপূর্ণ পরিবর্তনের মাধ্যমে এগিয়ে গেছে। দ্রুত উন্নয়নশীল দেশগুলোর মধ্যে ভারত এখন অন্যতম।

একটি প্রতিবেদন- (ক্যাপসুল অভিজিৎ)

আজকের প্রসঙ্গে আজ শুনবেন নতুন ভারত তৈরিতে দেশের যোগাযোগ ব্যবস্থা নিয়ে কেন্দ্রীয় সরকারের বিশেষ উদ্যোগ সংক্রান্ত আলোচনা। আলোচনায় অংশ নিয়েছেন পূর্ব রেলের মুখ্য জনসংযোগ আধিকারিক দীপ্তিময় দত্ত, মেট্রো রেলের প্রিনিপাল চিফ ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ার অসীম কুমার মজুমদার এবং প্রযুক্তিবিদ তথা আর্থিক

বিশ্লেষক সুদীপ্ত গুহ। তাদের সঙ্গে কথা বলেছেন কাশফিন নাহার। আজ রাত সাড়ে নটায় অনুষ্ঠানটি শোনা যাবে গীতাঞ্জলি প্রচার তরঙ্গে। শোনা যাবে আমাদের সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মেও।

বছর শেষে কলকাতার পারদ আরও নিম্নমুখী। আলিপুরে সর্বনিম্ন তাপমাত্রা আজ রেকর্ড করা হয়েছে 11° সেলসিয়াস, স্বাভাবিকের থেকে যা দুই দশমিক আট (2.8) ডিগ্রি কম। সর্বনিম্ন তাপমাত্রার নিরিখে এ মরশুমে যা এখনো পর্যন্ত সব থেকে কম। এদিকে, পশ্চিমী ঝঁঝঁার কারণে আজ থেকে দার্জিলিং জেলায় হালকা বৃষ্টি ও তুষারপাতের সম্ভাবনা রয়েছে। জলপাইগুড়ি, কালিম্পং ও আলিপুরদুয়ার জেলাতে হালকা বৃষ্টি হতে পারে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে। সকালের দিকে উত্তরবঙ্গের প্রায় সব জেলাতেই এবং দক্ষিণবঙ্গে বিক্ষিপ্তভাবে কুয়াশা থাকার সম্ভাবনা রয়েছে।

মরসুমের শীতলতম দিন আর SIR নিয়ে পারস্পরিক চাপান-উত্তোরের আবহে আজ বছরের শেষ দিনে রাজ্যবাসী নতুন বছরকে স্বাগত জানানোর প্রস্তুতি নিচ্ছে।

গত এক সপ্তাহ যাবৎ কলকাতা সহ রাজ্যের সর্বত্র তাপমাত্রার পারদ নামতে থাকায় রাজ্যবাসী শীতের আমেজ উপভোগ করছেন।

চিড়িয়াখানা, ভিট্টোরিয়া, ইকোপার্ক, মিউজিয়াম চতুরে ঢল নেমেছে মানুষের। আজ'ও কলকাতার সব দর্শনীয় স্থানে ভিড় উপর্যুক্ত পড়ার সম্ভাবনা। পার্ক স্ট্রিট, বো-ব্যারক সহ শহরের বিভিন্ন রাস্তা সেজে উঠেছে আলোকমালায়। ক্লাব রেস্তোরাঁগুলিতে নতুন বছরকে স্বাগত জানানোর প্রস্তুতি চলছে। শহরের নিরাপত্তায় পুলিশের বিশেষ নজরদারি থাকবে সর্বত্র। পুরোনোর যা কিছু খারাপ, তাকে পেছনে ফেলে নতুন বছরে শুভ মুহূর্তের আশায় প্রহর গুণছে মানুষ।

ইংরেজি বর্ষশেষ সন্ধ্যা ও নতুন বছরের প্রথম দিনে কলকাতায় যানজট কর্মাতে বিশেষ পদক্ষেপ নিয়েছে কলকাতা পুলিশ। মধ্য কলকাতার বেশ কিছু রাস্তায় গাড়ি চলাচলের উপরে নিয়ন্ত্রণ নির্দেশিকা জারি করা হয়েছে। কলকাতা পুলিশের একটি বিজ্ঞপ্তিতে

জানানো হয়েছে, আজ বিকেল চারটে থেকে আগামীকাল ভোর সাড়ে চারটে পর্যন্ত এবং আগামীকাল বিকেল চারটে থেকে শুক্রবার রাত বারোটা পর্যন্ত মধ্য কলকাতার মেয়ে রোড, স্ট্রান্ড রোড, ডাফরিন রোডে অত্যাবশ্যকীয় পণ্য ছাড়া যে কোনো ধরনের পণ্যবাহী গাড়ি চলাচলে নিষেধাজ্ঞা রয়েছে।

ইংরেজি নববর্ষের প্রাক্তালে আজ সন্ধ্যায় প্রত্যাশিত যাত্রী ভিড়ের কথা বিবেচনা করে নিরাপত্তা, সুরক্ষা এবং অবাধ চলাচল নিশ্চিত করতে মেট্রো রেল, এসপ্ল্যানেড, পার্কস্ট্রিট, ময়দান, রবীন্দ্রসদন, দমদম এবং দক্ষিণেশ্বর স্টেশনে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করার সিদ্ধান্ত নিয়েছে। যাত্রীদের অবাধ ও নিরাপদ যাতায়াতের জন্য অতিরিক্ত RPF কর্মী মোতায়েন করা হচ্ছে বলে মেট্রোর তরফে গতকাল এক বিবৃতিতে জানানো হয়েছে। যেকোন জরুরি অবস্থা মোকাবিলায় পার্ক স্ট্রিট, ময়দান ও এসপ্ল্যানেড স্টেশনে কুইক রেসপন্স টিম (QRT) প্রস্তুত রাখা হচ্ছে। মহিলা ও শিশুদের সুবিধার্থে পার্কস্ট্রিট স্টেশনে পর্যাপ্ত মহিলা RPF আধিকারিক ও কর্মী মোতায়েন থাকবে। নজরদারির জন্য সেন্ট্রাল কন্ট্রোলে পর্যাপ্ত কর্মী মোতায়েন করা হবে। যাত্রীদের নিরাপত্তা নিশ্চিত করতে রিয়েল টাইম ভিত্তিতে CCTV পর্যবেক্ষণ করা হবে। নাশকতামূলক কাজ এড়াতে ডগ স্কোয়াড থাকছে। এছাড়াও পার্ক স্ট্রিট মেট্রো স্টেশনে একজন অফিসার ও চারজন কর্মীর সমন্বয়ে আরেকটি বিশেষ দল মোতায়েন করা থাকবে বলে মেট্রো রেল সূত্রের খবর।

এদিকে, যাত্রীদের সুবিধার্থে ইংরেজি নববর্ষের আগের রাতে আজ, মেট্রো রেল বুলাইনে আপ ও ডাউন সহ অতিরিক্ত মোট ৮ টি পরিষেবা দেবে। শহীদ ক্ষুদ্রিম থেকে দমদম অবধি একটি পরিষেবা সহ দক্ষিণেশ্বর ও শহীদ ক্ষুদ্রিমের মধ্যে এই পরিষেবা দেওয়া হবে। রাত সাড়ে ১০ টায় শহীদ ক্ষুদ্রিম থেকে দমদম পর্যন্ত বিশেষ পরিষেবা দেওয়া হবে।
